উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ, পরিকল্পনা শাখা-৩

স্মারক নং-৪৬.০৯৫.০১৬.১৫.১৭.৯০৩.২০১৫(অংশ-১). ৪৭ তারিখঃ ১৯/০১/২০১৭ খ্রিঃ

বিষয়ঃ ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিভুক্ত প্রকল্পসমূহের অক্টোবর ২০১৬ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ।

স্থানীয় সরকার বিভাগের সচিব জনাব আবদুল মালেক এর সভাপতিত্বে ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিভুক্ত স্থানীয় সরকার বিভাগের আওতায় ডিপিএইচই এবং সকল ওয়াসা কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের অক্টোবর ২০১৬ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত পর্যালোচনা সভা ০৩/০১/২০১৭ তারিখে স্থানীয় সরকার বিভাগের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভার অনুমোদিত কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদৃসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে (৫ পাতা)

১৯/১/১৭
(এ. এইচ. এম কামরুজ্জামান)
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯৫১৪৪৭৫

বিতরণ (জ্যেষ্ঠতা অনুযায়ী নয়)ঃ

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সিনিয়র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা
৩. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
৪. সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা
৫. সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা
৬. অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ
৭. মহাপরিচালক, স্থানীয় সরকার বিভাগ
৮. অতিরিক্ত সচিব (উন্নয়ন/নগর উন্নয়ন/পাস), স্থানীয় সরকার বিভাগ
৯. প্রধান প্রকৌশলী, ডিপিএইচই, ঢাকা
১০. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/খুলনা ওয়াসা/রাজশাহী ওয়াসা
১১. যুগ্ম-প্রধান, পিপিডাব্লিউএস এন্ড এইচ-২, পরিকল্পনা কমিশন, ঢাকা
১২. উপ-প্রধান (পরিকল্পনা), স্থানীয় সরকার বিভাগ
১৩. উপ-সচিব/সিনিয়র সহকারী সচিব (পাস-১/২/৩), স্থানীয় সরকার বিভাগ
১৪. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ

অনুলিপিঃ

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ

বিষয় ঃ ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহের অক্টোবর ২০১৬ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

স্থানীয় সরকার বিভাগের সচিব জনাব আবদুল মালেক এর সভাপতিত্বে ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতির ওপর পর্যালোচনা সভা ০৩/০১/২০১৭ তারিখে স্থানীয় সরকার বিভাগের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেয়া হলো।

২। **উপস্থাপনাঃ**

২.১ সভাপতি উপস্থিত সকলকে ইংরেজী নববর্ষের শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে স্থানীয় সরকার বিভাগের উপ-প্রধান বলেন, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এবং সকল ওয়াসা কর্তৃক বাস্তবায়নাধীন ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্ত প্রকল্পসমূহের অগ্রগতি পর্যালোচনার জন্য আজকের সভা আহ্বান করা হয়েছে। তিনি বলেন, ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিতে মোট জাতীয় বরাদ্দ ১,২৩,৩৪৫.৮০ কোটি টাকার মধ্যে স্থানীয় সরকার বিভাগের জন্য বরাদ্দ রয়েছে মোট ১৭,৫৪৮.৪৯ কোটি টাকা, যা এডিপি বরাদ্দের ১৪.২২%। এ বরাদ্দের মধ্যে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন মোট ১৭৪টি প্রকল্পের অনুকূলে বরাদ্দ রয়েছে মোট ১৬,০৪৮ কোটি টাকা (জিওবি ৭,৮১৩.১৫ কোটি এবং প্রকল্প সাহায্য ৮,২৩৫.৩৪ কোটি) এবং স্থানীয় সরকার বিভাগের আওতাধীন স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের (ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা, জেলা পরিষদ, এবং সিটি কর্পোরেশন) অনুকূলে উন্নয়ন সহায়তা হিসেবে বরাদ্দ রয়েছে ১৫০০.০০ কোটি টাকা। **সার্বিকভাবে ২০১৬-১৭ অর্থ বছরের এডিপি-তে স্থানীয় সরকার বিভাগের অনুকূলে মোট ১৭,৫৪৮.৪৯ কোটি টাকা বরাদ্দ রয়েছে।** অক্টোবর, ২০১৬ পর্যন্ত স্থানীয় সরকার বিভাগের আওতাধীন প্রকল্পসমূহের অনুকূলে অর্থ অবমুক্ত হয়েছে ৫,৮১০.৪৩ কোটি টাকা (মোট বরাদ্দের ৩৬.২১%), যার মধ্যে জিওবি ২,৯৮৯.৪৯ কোটি টাকা এবং প্রকল্প সাহায্য ২,৮২০.৯৪ কোটি টাকা। একই সময়ে প্রকল্পসমূহের অনুকূলে ব্যয় হয়েছে ৩,৬০৬.৫৭ কোটি টাকা (মোট বরাদ্দের ১৯.১৪%), যার মধ্যে জিওবি ২,৫২৯.১২ কোটি টাকা এবং প্রকল্প সাহায্য ১,০৭৭.৪৫ কোটি টাকা। এ সময়ে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের অনুকূলে উন্নয়ন সহায়তা বাবদ বরাদ্দ হতে অর্থ অবমুক্ত হয়েছে ৫৩৪.৭৩ কোটি টাকা (বরাদ্দের ৩৫.৬৫%) এবং ব্যয়ও হয়েছে ৫৩৪.৭৩ কোটি টাকা (বরাদ্দের ৩৫.৬৬৫%)। **সার্বিকভাবে স্থানীয় সরকার বিভাগের অনুকূলে অর্থ অবমুক্তি ও ব্যয় হয়েছে যথাক্রমে ৫,৮১০.৪৩ কোটি টাকা (বরাদ্দের ৩৪.২১%) ও ৩,৬০৬.৫৭ কোটি টাকা (বরাদ্দের ২০.৫৫%)।**

২.২ সভাপতি বলেন, উন্নয়নের যে স্রোতধারা চলছে তা অব্যাহত রাখতে হবে। কাজের গুণগত মান বজায় রাখার বিষয়ে সর্বাত্মক প্রচেষ্টা নিতে হবে। কাজের গুণগত মান বজায় রাখা এবং অগ্রগতি পরিবীক্ষণের লক্ষ্যে নিয়মিত প্রকল্প পরিদর্শন করতে হবে। উন্নয়ন প্রকল্পের অনুকূলে ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিতে বরাদ্দকৃত অর্থের শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। এডিপিতে জিওবিতে বরাদ্দকৃত অর্থের পাশাপাশি প্রকল্প সাহায্য খাতে বরাদ্দকৃত অর্থেরও শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে কোন সমস্যার সম্মুখীন হলে এবং সমস্যা সমাধানে মন্ত্রণালয়ের হস্তক্ষেপের প্রয়োজন হলে কালবিলম্ব না করে মন্ত্রণালয়ের সঙ্গে যোগাযোগ করে সে সমস্যার সমাধান করতে হবে। নির্ধারিত মেয়াদে প্রকল্প সমাপ্ত এবং পারতপক্ষে প্রকল্প সংশোধন ও মেয়াদ বৃদ্ধি করা যাবে না। যে সকল প্রকল্পে ব্যক্তি পরামর্শক ও পরামর্শক ফার্ম নিয়োগের সংস্থান রয়েছে তা যথাসময়ে যাতে নিয়োগ করা যায় সে বিষয়ে সচেষ্ট হতে হবে। প্রকল্প সমাপ্তির ৩ মাসের মধ্যে সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। প্রকল্পের মেয়াদ বৃদ্ধি/সংশোধনের বিশেষ প্রয়োজন হলে প্রকল্প সমাপ্তির ৩ মাস পূর্বে প্রকল্পের মেয়াদ বৃদ্ধি/সংশোধনের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। ২০১৬-১৭ অর্থ বছরে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি যাতে শতভাগ অর্জন করা যায় সে জন্য প্রয়োজনীয় সকল কার্যক্রম গ্রহণ করতে হবে।

২.৩ স্থানীয় সরকার বিভাগের উপ-প্রধান স্থানীয় সরকার বিভাগের ৩টি শ্লোগানের বিষয়ে সভাকে অবহিত করেন। শ্লোগানগুলো হচ্ছে-শেখ হাসিনার দর্শন সব মানুষের উন্নয়ন, শেখ হাসিনার দর্শন বাংলাদেশের উন্নয়ন এবং উন্নয়নের গণতন্ত্র শেখ হাসিনার মূলমন্ত্র। তিনি বলেন, এ ৩টি শ্লোগানের আলোকে প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে।

২.৪ স্থানীয় সরকার বিভাগের অধীনস্ত জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এবং সকল ওয়াসা কর্তৃক বা... প্রকল্পসমুহের ২০১৬-১৭ অর্থ বছরের অক্টোবর ২০১৬ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়।

৩। বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রঃ নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী সংস্থা/কর্মকর্তা
১	এডিপি বরাদ্দের শতভাগ ব্যয় নিশ্চিত এবং কাজের গুণগত মান বজায় রাখার বিষয়ে সর্বাত্মক প্রচেষ্টা নিতে হবে।	প্রধান প্রকৌশলী/ব্যবস্থাপনা পরিচালক জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/ঢাকা ওয়াসা
২	প্রকল্প ভিত্তিক অগ্রগতি ৯৮% এর নিচে হলে প্রকল্প বাস্তবায়ন কাজে গাফিলতি, অবহেলা এবং উন্নয়ন কাজ পিছিয়ে নেয়ার ষড়যন্ত্র হিসেবে প্রকল্প পরিচালকগণকে দায়ী করা হবে। সংস্থা প্রধানগণ ৩১ জানুয়ারির মধ্যে প্রকল্প ভিত্তিক অগ্রগতির ভিত্তিতে প্রতিবেদন জমা দেবেন। তার ভিত্তিতে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে।	-ঐ-
৩	কাজের গুণগত মান বজায় রাখা এবং অগ্রগতি পরিবীক্ষণের লক্ষ্যে প্রকল্প পরিচালকগণ নিয়মিত প্রকল্প পরিদর্শন এবং প্রকল্প এলাকায় অবস্থান করবেন।	-ঐ-
৪	উন্নয়ন প্রকল্পের অনুকূলে ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিতে বরাদ্দকৃত অর্থের শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। এডিপিতে জিওবিতে বরাদ্দকৃত অর্থের পাশাপাশি প্রকল্প সাহায্য খাতে বরাদ্দকৃত অর্থেরও শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।	-ঐ-
৫	প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে কোন সমস্যার সম্মুখীন হলে এবং সমস্যা সমাধানে মন্ত্রণালয়ের হস্তক্ষেপের প্রয়োজন হলে কালবিলম্ব না করে মন্ত্রণালয়ের সঙ্গে যোগাযোগ করে সে সমস্যার সমাধান করতে হবে।	-ঐ-
৬	যে সকল প্রকল্পে ব্যক্তি পরামর্শক ও পরামর্শক ফার্ম নিয়োগের সংস্থান রয়েছে তা যথাসময়ে যাতে নিয়োগ করা যায় সে বিষয়ে সচেষ্ট হতে হবে।	-ঐ-
৭	প্রকল্পের মেয়াদ বৃদ্ধি/সংশোধনের বিশেষ প্রয়োজন হলে প্রকল্প সমাপ্তির ৩ মাস পূর্বে প্রকল্পের মেয়াদ বৃদ্ধি/সংশোধনের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	-ঐ-
৮	প্রকল্প সমাপ্তির ৩ মাসের মধ্যে সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	-ঐ-
৯	২০১৬-১৭ অর্থ বছরে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি যাতে শতভাগ অর্জন করা যায় সে জন্য প্রয়োজনীয় সকল কার্যক্রম গ্রহণ করতে হবে।	-ঐ-
১০	নির্ধারিত মেয়াদে প্রকল্প সমাপ্ত করতে হবে। প্রকল্প সংশোধন ও মেয়াদ বৃদ্ধি যাতে করতে না হয় সে বিষয়ে সচেষ্ট থাকতে হবে।	-ঐ-
১১	"পানি সরবরাহ ও স্যানিটেশনের জন্য জাতীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র স্থাপন" শীর্ষক প্রকল্পটি স্থানীয় সরকার বিভাগ, পরিকল্পনা কমিশন ও আইএমইডি কর্তৃক সরেজমিনে পরিদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক ডিপিএইচই
১২	জমি অধিগ্রহণের ক্ষেত্রে ৩ ধারা জারির ১৫ কার্য দিবসের মধ্যে জমি বুঝে না পেলে স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে বিষয়টি অবহিত করতে হবে, অন্যথায় প্রকল্প পরিচালকগণকে দায়ী করা হবে।	প্রধান প্রকৌশলী/ব্যবস্থাপনা পরিচালক জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/ঢাকা ওয়াসা

১৩	"পদ্মা-জশলদিয়া ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট" শীর্ষক প্রকল্পটি স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয় কর্তৃক সরেজমিনে পরিদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	ব্যবস্থাপনা পরিচালক প্রকল্প পরিচালক/ঢাকা ওয়াসা
১৪	"ঢাকা এনভায়রনমেন্টালী সাসটেইনেবল ওয়াটার সাপ্লাই" শীর্ষক প্রকল্পটির AFD অংশের ডিসবার্সমেন্ট মার্চ ২০১৭ এর মধ্যে করতে ব্যর্থ হলে এর জন্য প্রদেয় Late Payment Fee এবং ৩.৫% হারে interest দিতে হলে কত পরিমান অর্থ দিতে হবে তার হিসাব প্রকল্প পরিচালক স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করবে। অতঃপর প্রকল্প পরিচালকের ব্যক্তিগত দায়ভার পানি সরবরাহ উইং হতে নির্ধারণ করা হবে।	সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক ঢাকা ওয়াসা/পানি সরবরাহ উইং, স্থানীয় সরকার বিভাগ
১৫	যে সকল প্রকল্পের অগ্রগতি খারাপ তা সার-সংক্ষেপ আকারে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীকে অবহিত করতে হবে।	মহাপরিচালক স্থানীয় সরকার বিভাগ
১৬	Loan Agreement না হলেও যাতে পরামর্শক নিয়োগের জন্য Expression of Interest (EOI) এর কাজ এগিয়ে নেয়া যায় সে বিষয়ে উন্নয়ন সহযোগীর সম্মতি প্রাপ্তির বিষয়ে ইআরডি সহযোগিতা করবে।	সিনিয়র সচিব ইআরডি

৪। আলোচ্যসূচিতে আর কোন বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(আবদুল মালেক)
সচিব

২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে অন্তর্ভুক্ত স্থানীয় সরকার বিভাগের আওতায় ডিপিএইচই এবং সকল ওয়াসা কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের অক্টোবর, ২০১৬ পর্যন্ত অগ্রগতি পর্যালোচনা সভায় উপস্থিত কর্মকর্তার নামের তালিকা।

স্থানঃ স্থানীয় সরকার বিভাগের সম্মেলন কক্ষ (ভবন নং-৭, কক্ষ নং- ৬০১)

তারিখঃ ০৩/০১/২০১৭

সময়ঃ ০৮.০০ ঘটিকা

ক্রঃ নং	কর্মকর্তার নাম ও পদবী	সংস্থা	স্বাক্ষর	টেলিফোন/মোবাইল
১.	মোঃ আব্দুল্লাহ, প্রকল্প পরিচালক	খুলনা ওয়াসা	[signature] ০৩/০১/১৭	01720030066
২.	সুদীপ কুমার ঘোষ, প্রধান প্রকৌশলী	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	[signature] 03.01.2017	01713056847
৩.	মোঃ আবু বকর আলী, প্রকল্প পরিচালক	রাজশাহী ওয়াসা	[signature] ৩/১/১৭	[illegible]
৪.	ফখরুল ইসলাম, উপ-সচিব	ERD	[signature]	01718114188
৫.	কামরুন নাহার লাইলী, SE & PD	DWASA	[signature]	01913375150
৬.	মোঃ সারোয়ার হোসেন, প্রকল্প পরিচালক, ৪০ পৌরসভা...	DPHE	[signature]	01558349147
৭.	মোঃ রফিকুল ইসলাম	DWASA	[signature]	01711158251
৮.	মোঃ মোহসেন আলী মিয়া, SE/PD	DWASA	[signature]	01819225685
৯.	মোঃ নুরুল ইসলাম, SE/PD, TSWFP	DWASA	[signature]	0177775141
১০.	ক্যসাচিং, তঃপ্রঃ ও প্রকল্প পরিচালক	চট্টগ্রাম ওয়াসা	[signature]	01977765765
১১.	মোঃ আবু আব্দুল্লাহ ইসলাম	P.D DESWSP	[signature]	01922198190
১২.	তরুণ মোহন ...	তঃ প্রঃ (পানি)	[signature]	01715-034008
১৩.	মোঃ আহমদ মোস্তফা	প্রঃ পরিচালক	[signature]	[illegible]
১৪.	[illegible]	প্রঃ পরিচালক	[signature]	[illegible]
১৫.	মোঃ আব্দুল মান্নাফ	N.S.P. DPHE	[signature]	01711-057729
১৬.	মুহাম্মদ ...	প্র. পরিচালক DPHE	[signature]	01715034575
১৭.	এস.এম. নাজমুল উদ্দিন, পরিচালক	IMED	[signature]	01937391910
১৮.	মোঃ মনিরুজ্জামান, প্রকল্প পরিচালক	জনস্বাস্থ্য প্রকৌ.	[signature]	01712203356
১৯.	এ কে এম ...	ও: প্র: ...	[signature]	01732875474
২০.	শেখ মাহমুদুল ইসলাম	খুলনা ওয়াসা, সহকারী প্রকৌশলী	[signature]	01710126702
২১.	মোঃ পারভেজ মামুদ	রাজশাহী ওয়াসা	[signature]	[illegible]
২২.	মোঃ মাহমুদ হোসেন, প্রকল্প পরিচালক	চট্ট ওয়াসা	[signature] ৩/১/১৭	01712009879
২৩.	মোঃ আখতারুজ্জামান, তঃপ্রঃ ও প্রঃ পরিচালক	ঢাকা ওয়াসা	[signature] ৩/১/১৭	01819271645
২৪.	মোঃ ... ইসলাম, উপ-সচিব	LGD	[signature]	
২৫.	প্রকৌঃ এ.কে.এম. ফজলুল্লাহ, ব্যবস্থাপনা পরিচালক	চট্টগ্রাম ওয়াসা	[signature] ৩/১/১৭	01819365215
২৬.	... অতি. সচিব	LGD	[signature] ৩/১/১৭	01712-...

নং	কর্মকর্তার নাম ও পদবী	সংস্থা	স্বাক্ষর	টেলিফোন/মোবাইল
২৭.	মাকসুদ আলম ডিপিডি KWSP2	চট্টগ্রাম ওয়াসা	[signature]	0171144706[illegible]
২৮.	মাহমুদুল হাসান কাদেরী প্রকৌশলী	চট্টগ্রাম ওয়াসা	[signature]	01819-361408
২৯.	মোহাম্মদ আরিফুল ইসলাম পিডি, CWSISP	চট্টগ্রাম ওয়াসা	[signature]	01712173397
৩০.	[illegible] রহমান [illegible] নির্বাহী প্রকৌশলী	ঢাকা ওয়াসা	[signature]	01819229413
৩১.	[illegible] মোহাম্মদ [illegible] সহকারি প্রধান ([illegible])	" "	[signature]	01539534445
৩২.				
৩৩.				
৩৪.				
৩৫.				
৩৬.				
৩৭.				
৩৮.				
৩৯.				
৪০.				
৪১.				
৪২.				
৪৩.				
৪৪.				
৪৫.				
৪৬.				
৪৭.				
৪৮.				
৪৯.				
৫০.				
৫১.				
৫২.				
৫৩.				
৫৪.				
৫৫.				
৫৬.				